# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/গোপালগঞ্জ-৪৪/১৯৭ তারিখ: ২৪ অগ্রহায়ণ, ১৪৩২ / ০৯ ডিসেম্বর, ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে উচ্চতর তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

সূত্র : ১। স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/গোপালগঞ্জ-৪৪/১২৬ তারিখ: ০৭.১০.২০২৫খ্রি.;
২। নম্বর- ০৫.৩০.৩৫.৫৮.০০১.১৮.৫৮.১১-৮৯২ তারিখ: ২০.১১.২০২৫ খ্রি.;
৩। বোর্ডের ই-ফাইলে নং ২৩৩২৫১০৯৬৫২৩ আইডির আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলাধীন ঝুটিগ্রাম ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি জাল-জালিয়াতির মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে জনাব গোলাম মোর্তুজা কর্তৃক দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জকে সূত্রোক্ত ১নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। পত্র অনুযায়ী অভিযোগ বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ সূত্রোক্ত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক সার্বিক মতামতে উল্লেখ করা হয়েছে "বর্তমান কমিটি গঠনে নীতিমালা অনুযায়ী নির্বাচনের ভিত্তিতে অভিভাবক সদস্য নির্বাচন না করার কারণে উক্ত গঠিত কমিটি বাতিলের জন্য জোর সুপারিশ করা হলো।" যাবতীয় নির্বাচন কার্যক্রম সুষ্ঠুভাবে হয়েছে কিন্তু তদন্ত কর্মকর্তা নিজের মনমতো প্রতিবেদন তৈরী করেছেন মর্মে নির্বাচিত সভাপতি জনাব মো: ইউনুচ আলী মুন্সী কর্তৃক উচ্চতর তদন্তের জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়েছে।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে উচ্চতর তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, অভিযোগকৃত কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারকে(প্রযোজ্য ক্ষেত্রে) তদন্ত কর্মকর্তা হিসাবে অন্তর্ভূক্ত না করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (**০৩**) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৯.১২.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৯.১২.২৫

জেলা প্রশাসক
গোপালগঞ্জ।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/গোপালগঞ্জ-৪৪/১৯৭ তারিখ: ২৪ অগ্রহায়ণ, ১৪৩২ / ০৯ ডিসেম্বর, ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ;
৪. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/সুপার/ভারপ্রাপ্ত সুপার, ঝুটিগ্রাম ইসলামিয়া দাখিল মাদ্রাসা, পো: মুকসুদপুর, মুকসুদপুর, গোপালগঞ্জ;
৫. জনাব মো: ইউনুচ আলী মুন্সী (অভিযোগকারী), গ্রাম-ঝুটগ্রাম, পো: মুকসুদপুর, মুকসুদপুর, গোপালগঞ্জ;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৯/১২/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Admin - Committee\Belayet\inquiry\inquiry-auto.docx

০৯.১২.২৫